

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০০৯.১৭.৪০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮

০৩ জুন ২০২১

বিষয়: প্রস্তাবিত “প্রিপারেশন অব রিস্ক সেনসিটিভ ডাটাবেজ ফর কোর এরিয়া অব রংপুর এন্ড সিলেট ডিস্ট্রিক্ট টাউন” শীর্ষক প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্য সরবরাহের অনুরোধ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নংঃ ২০.০৩.০০০০.৪০৩.১৪.৬৯৪.২০২১/১৫৪ ; তারিখঃ ২৫/০৫/২০২১

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপযুক্ত বিষয়ে আপনার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত “প্রিপারেশন অব রিস্ক সেনসিটিভ ডাটাবেজ ফর কোর এরিয়া অব রংপুর এন্ড সিলেট ডিস্ট্রিক্ট টাউন” শীর্ষক প্রকল্পের পিইসি সভায় বিশ্বব্যংকের অর্থায়নে বাস্তবায়নাধীন আরবান রেজিলেন্স প্রজেক্ট (ইউআরপি) এর আওতায় সিলেট সিটি কর্পোরেশনের দুর্যোগ ঝুঁকি অর্ন্তভুক্ত করে বড় আকারে ডাটা সংগ্রহের কাজ চলমানের বিষয়ে উল্লেখ করা হয়। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত কম্প্রিহেনসিভ ডিজেসটার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি-১) প্রকল্পের আওতায়ও দুর্যোগ ঝুঁকি সম্পর্কিত তথ্য ও ডাটা সংগ্রহের কাজ করার বিষয়ে উক্ত সভায় অবহিত করা হয়। এক্ষেত্রে সিলেটের জন্য বিভিন্ন প্রকল্পের আওতায় ডাটা পর্যালোচনা করে এর অতিরিক্ত কোন ডাটা প্রকল্পের জন্য প্রয়োজন হলে তা আলোচ্য প্রকল্পের মাধ্যমে করার বিষয়ে ৪.১ সিদ্ধান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

“বাস্তবায়িত এবং বাস্তবায়নাধীন যে সকল প্রকল্পে আলোচ্য প্রকল্পে প্রস্তাবিত কার্যক্রমের সমধর্মী তথ্য উপাত্ত কাজ করা হয়েছে সেসকল তথ্য উপাত্ত রিভিউ করে আলোচ্য প্রকল্পে তার পুনরাবৃত্তি/দ্বৈততা না হওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।”

উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগের নিকার-১ এর আওতাধীন জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির সিদ্ধান্ত অনুযায়ী “প্রিপারেশন অব রিস্ক সেনসিটিভ ডাটাবেজ ফর কোর এরিয়া অব রংপুর এন্ড সিলেট ডিস্ট্রিক্ট টাউন” শীর্ষক প্রকল্পের প্রস্তাব করা হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় সমগ্র সিটি কর্পোরেশনের সকল অবকাঠামোর দুর্যোগ সহনীয় জিআইএস ডাটাবেস প্রস্তুত করা হবে। প্রকল্প শেষ হলে চূড়ান্ত দুর্যোগ সহনীয় ডাটাবেজ সিলেট সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে হস্তান্তর করা হবে।

এমতাবস্থায়, বিশ্বব্যংকের অর্থায়নে বাস্তবায়নাধীন আরবান রেজিলেন্স প্রজেক্ট (ইউআরপি) এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত কম্প্রিহেনসিভ ডিজেসটার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি-১) প্রকল্পের আওতায় দুর্যোগ ঝুঁকি সম্পর্কিত তথ্য ও ডাটা পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী সরবরাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

৩-৬-২০২১

আহমেদ আখতারুজ্জামান
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর,
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৯৯.০০৯.১৭.৪০/১(৭)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৮
০৩ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩ শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) সিনিয়র প্ল্যানার, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট (সংশ্লিষ্ট সংস্থার সাথে নিবিড় যোগাযোগ এর অনুরোধসহ)
- ৫) সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৩-৬-২০২১

মোঃ সাইফুর রহমান
প্ল্যানার